শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর

pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২০.৬০৫৮ তারিখঃ ২২ কার্তিক' ১৪২৭ বঙ্গাঃ
০৭ নভেম্বর'২০২০ খ্রিঃ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য (লোডিং-আনলোডিংসহ) বাংলাদেশের প্রকৃত পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | কাজের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | ৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ এনার্জিপ্যাক<br>রেটিং-০৫ এমভিএ, সিঃ নং-৫০০০-৮৮, প্রস্তুতের সন-২০১০খ্রিঃ, ওজনঃ ১৩ টন (শার্শা-২ (বাগআঁচড়া) উপকেন্দ্র হতে সিষ্টেম অপারেশন, ওয়ার্কশপ, বাপবিবো খুলনা) | ০১ টি | | |
| ০২ | ৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ এনার্জিপ্যাক<br>রেটিং-০৫ এমভিএ, সিঃ নং-৫০০০-৫৩, প্রস্তুতের সন-২০১০খ্রিঃ, ওজনঃ ১৩ টন (বাঘারপাড়া-১ (বাঘারপাড়া) উপকেন্দ্র হতে সিষ্টেম অপারেশন, ওয়ার্কশপ, বাপবিবো খুলনা) | ০১ টি | | |
| | | | সর্বমোট = | |

(কথায়ঃ ----------------------------------------------------------------------------------------------------)

## শর্তাবলীঃ

০১। দরপত্র আগামী ১৫/১১/২০২০ খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভপবন (১০ তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ১৫/১১/২০২০ খ্রি: ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের খামের উপরে **"পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে স্বাক্ষর ও সীলমোহর প্রদান পূর্বক সীলগালাযুক্ত করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রের কোথাও ঘষামাজা, কাঁটা - ছেঁড়া বা ফ্লুইড লাগানো যাবে না।

০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সী সনদ ও আয়কর পরিশোধের সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের সময় লোডিং/ আনলোডিং বাবদ খরচ দরদাতাকে বহন করতে হবে। উদ্ধৃত দর ছাড়া অতিরিক্ত কোন বিল প্রদান করা হবে না।

০৬। পাওয়ার ট্রান্সফরমার পরিবহন, লোডিং-আনলোডিং এর সময় কোন ক্ষয়-ক্ষতি হলে বা হারিয়ে গেলে অথবা মেরামতের অযোগ্যরূপে বিনষ্ট হলে ক্ষতিপূরণ বাবদ অর্থ কার্যাদেশ প্রাপ্ত পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে।

অপর পাতায়

০৭। কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে ট্রান্সফরমার পরিবহন (লোডিং-আনলোডিংসহ) কাজ সম্পাদন করতে হবে। যথাসময়ে তা করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পর দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে বিল পরিশোধ করা হবে।

০৯। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।

১০। যশোর পবিস - ১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার অধিকার সংরক্ষণ করে।

১১। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইট WEB: www.pbs1.jessore.gov.bd এ দেখতে পারবেন।

৭/১১/২০
(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
০৩। জেলা প্রশাসক, যশোর।
০৪। পুলিশ সুপার, যশোর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................... পবিস ১/২/৩/৪।
০৬। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
০৮। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা বাঘারপাড়া উপজেলা, যশোর।
১০। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
১১। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া/বাঁকড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস -১।
১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। মেসার্স ...........................................................
১৫। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৬। অফিস কপি / মাস্টার কপি।

৭/১১/২০
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর

pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫১০.০১.০৪০.২০. ৬০৫৭     তারিখঃ ২২ কার্তিক' ১৪২৭ বঙ্গাব্দ
০৭ নভেম্বর' ২০২০খ্রিঃ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে যানবাহন বীমা নবায়নের দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান।**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় দাপ্তরিক কাজে ব্যবহৃত নিম্নবর্ণিত ০১ (এক) টি ডাবল কেবিন পিক-আপ গাড়ী এর কমপ্রিহেনসিভ বীমা (সকল ধরনের ঝুঁকি বহন) নবায়ন করণের নিমিত্তে সরকারী/বেসরকারী (সরকার অনুমোদিত) বীমা কোম্পানির নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে সকল প্রকার বীমা ঝুঁকি (কমপ্রিহেনসিভ) গ্রহণপূর্বক দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | গাড়ীর বিবরণ | তৈরির সন | সিসি | আসন সংখ্যা (ড্রাইভার সহ) | পরিমাণ | মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাবল কেবিন পিক-আপ গাড়ী নং-যশোর-ঠ-১১-০০৪০ | ২০১৭ | ২৪৭৭ | ০৫ জন | ০১ টি | ৪৯,০০,০০০/= |

শর্তাবলীঃ

০১। দরপত্র আগামী ১৫/১১/২০২০খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (i) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ১৫/১১/২০২০খ্রিঃ ১২:৩০ ঘটিকার সময় (i) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর ও (ii) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের খামের উপরে **"যানবাহন বীমা"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কমপ্রিহেনসিভ বীমা ঝুঁকির বিস্তারিত বিবরণ ও রেট স্পষ্ট করে উল্লেখ করতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রের কোথাও ঘষামাজা, কাঁটা - ছেঁড়া বা ফ্লুইড লাগানো যাবে না।

০৪। কার্যাদেশে বর্ণিত সময় সীমার মধ্যে বীমা করণের কাজ সম্পন্ন করতে হবে।

০৫। বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে নিয়ম অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

অপর পাতায়

০৬। দরপত্র সম্পর্কে কারও কোন প্রশ্ন থাকলে দরপত্র দাখিলের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।

০৭। যশোর পবিস - ১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার অধিকার সংরক্ষণ করে।

০৮। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৭।১১।২০

(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, যশোর।
০৩। পুলিশ সুপার, যশোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................................ পবিস ১/২/৩/৪।
০৫। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
০৬। নির্বাহী প্রকৌশলী, পবিবোর্ড, যশোর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
০৯। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
১০। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১২। মেসার্স ...........................................................
১৩। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৪। অফিস কপি / মাস্টার কপি।

৭।১১।২০

জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর

pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০১.০৮.২০.৬০৬৬

তারিখঃ- ২২ কার্তিক' ১৪২৭ বঙ্গাঃ। ০৭ নভেম্বর ' ২০২০খ্রিঃ।

## পুনঃনিলাম বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ এর সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ী নং- ঢাকা-মেট্রো-ঠ-১১-৫০১৫ ও হোন্ডা মটর সাইকেল ০২ (দুই) টি নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্নিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠান এর নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা, স্বাক্ষর ও সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | যানবাহন এর বিবরণ | প্রস্তুতকারী দেশ | রেজিষ্ট্রেশন নং | সর্বনিম্ন একক নিলাম দর (টাকা) | দরদাতা কর্তৃক দাখিলকৃত দর (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | সিঙ্গেল কেবিন পিক-আপ মডেল-টেয়োটা ২০০৩ সাল, রং-সাদা, সিসি-২১৯৮, জ্বালানী-পেট্রোল, সিট সংখ্যা-০২ (চালকসহ) | জাপান | ঢাকা-মেট্রো-ঠ-১১-৫০১৫ | ২,৩০,০০০.০০ | |
| ০২ | হোন্ডা মটর সাইকেল ০২ (দুই) টি (সিজি-১২৫) | জাপান | যশোর-হ-১১-০৮০৭, যশোর-হ-১১-১৯৪০, | প্রতিটি ১০,০০০ টাকা। | |

(কথায়ঃ.................................................................)

**শর্তাবলীঃ**

০১। নিলাম দরপত্র আগামী ১৫/১১/২০২০ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (i) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত নিলাম দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ১৫/১১/২০২০ ইং তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ক্ষিলক্ষেত ঢাকা (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর-এ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক ও কুরিয়ার সার্ভিস যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। নিলাম দরপত্রের খামের উপরে "সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ী নং- ঢাকা-মেট্রো-ঠ-১১-৫০১৫ ও মটর সাইকেল নং- যশোর-হ-১১-০৮০৭, যশোর-হ-১১-১৯৪০," কথাটি স্পষ্টাক্ষরে খামে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে উপরোক্ত ছকে দর উল্লেখ পূর্বক পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করণসহ সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খাম সীলগালা করে দরপত্র দাখিল করতে হবে।

০৩। সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ী ও মটর সাইকেল নিলামে ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্ট মানি "**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১**" এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।

০৪। আগ্রহী নিলাম দরদাতাগণ পিক-আপ গাড়ীটি ও মটর সাইকেল গুলি অফিস চলাকালীন সময়ে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে দেখতে পারবেন এবং নিলাম দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন।

অপর পাতায়

০৫। অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

০৬। সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর নগদ/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশাধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেষ্ট মানি বজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে নিয়মানুযায়ী আর্নেষ্ট মানি ফেরত প্রদান করা হবে।

০৭। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৮। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭।১১।২০

(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, যশোর।
০৪। পুলিশ সুপার, যশোর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................................ পবিস ১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর
০৭। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
১১। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। মেসার্স ..........................................................
১৫। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৬। অফিস কপি / মাস্টার কপি।

৭।১১।২০

জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)